ছাত্র বিক্ষোভে অস্থির অশান্ত ঢাকা ভার্সিটি ক্যাম্পাস। বাঁ থেকে পুলিশের লাঠিবাজি, ডিসি দর্শকদের এবং নির্যাতন (ফোকাস চিহ্নিত), ছাত্রদল ক্যাডারদের উন্মত্ত হিংসার শিকার সাধারণ ছাত্র, পুলিশের গাড়ি থেকে টিয়ার গ্যাস নিক্ষেপ, ডিসিকে অপসারণের দাবিতে ছুটা মিছিল

-জনকণ্ঠ

বেধড়ক পিটুনি ছাত্র শিক্ষক সাংবাদিককে

ইলিয়াস খান/মোশতাক আহমেদ

পুলিশী তাণ্ডবে অবরুদ্ধ ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস সোমবার আবারও হয়েছে রণক্ষেত্র। ছাত্রদলের ক্যাডারদের সঙ্গে নিয়ে এই পুলিশী তাণ্ডব থেকে ছাত্রছাত্রী, শিক্ষক, সাংবাদিক কেউ রক্ষা পাননি। বৃষ্টির মতো কাঁদানে গ্যাস শেল, হাতে গ্যাস গ্রেনেড ছুড়ে এবং দফায় দফায় বেধড়ক লাঠিচার্জ করে পুলিশ ক্যাম্পাসজুড়ে এক ত্রাসের রাজত্ব কায়েম করে। পুলিশ হামলা-নির্যাতনের হাত থেকে আত্মরক্ষার্থে প্রাণভয়ে

বেধড়ক পুলিশ নির্মমভাবে লাঠিপেটা করে প্রাণবসানে বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. আনোয়ার হোসেনকে

-জনকণ্ঠ

বৃষ্টির মতো কাঁদানে গ্যাস ॥ ত্রাস সৃষ্টিতে ছাত্রদল ক্যাডারদেরও অংশগ্রহণ

দৌড়াতে থাকা ছাত্রছাত্রীদের জাতীয়তাবাদী ছাত্রদলের ক্যাডাররা প্রহার করেছে নির্মম-নির্দয়ভাবে। পুলিশের নির্বিচার লাঠিচার্জে বিশ্ববিদ্যালয়ের প্রাণ রসায়ন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক আনোয়ার হোসেনসহ ছয় শিক্ষক, ৮/১০ সাংবাদিক ও অসংখ্য ছাত্রছাত্রী আহত হয়েছেন। এঁদের মধ্যে গুরুতর আহত অধ্যাপক আনোয়ার হোসেনকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে এবং ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির সভাপতি, দৈনিক প্রথম আলোর বিশ্ববিদ্যালয় রিপোর্টার রোবহানুল হক সম্রাট, সাধারণ সম্পাদক খালিদুল ইসলাম হৃদয়, দৈনিক ইত্তেফাকের বিশ্ববিদ্যালয় রিপোর্টার সাহাবুল হক সম্রাটকে গুরুতর আহত অবস্থায় সাউথ এশিয়ান হাসপাতালে ভর্তি করা হয়েছে। এছাড়া আহত ছাত্রছাত্রীরা রাজধানীর বিভিন্ন হাসপাতাল ও ক্লিনিকে ভর্তি এবং প্রাথমিক চিকিৎসা নিয়েছেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির কার্যকরী কমিটির জরুরী সভায় ছাত্র-শিক্ষক-সাংবাদিক নির্যাতনের ঘটনার

(১১ পৃষ্ঠা ২-এর কঃ দেখুন)

ঢাকা বিশ্ববিদ্যালয় পুলিশী নির্যাতনে আহত সাংবাদিক, পুলিশী জুলুমের প্রতিবাদে তাৎক্ষণিক বিক্ষোভ মিছিল, আহত ছাত্র সাংবাদিক ঘটনার বর্ণনা দিচ্ছেন

-জনকণ্ঠ